কানাইঘাট উপজেলা আওয়ামীলীগের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত

কানাইঘাট প্রতিনিধি::
কানাইঘাট উপজেলা আওয়ামীলীগ এর কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্টিত হয়েছে। কমিটির সভায় সাংগঠনিক কার্যক্রমের উপর গুরুত্ব দেওয়া হয়েছে।
আজ শনিবার বিকাল ৩টায় কানাইঘাট উত্তর বাজারস্থ দলীয় কার্যালয়ে বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
কার্যনির্বাহী কমিটির সভায় উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র লুৎফুর রহমানের সভাপতিত্বে ও যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল ইসলাম হারুনের পরিচালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মস্তাক আহমদ পলাশ। এ সময় সংগঠনের কার্যক্রম তুলে ধরে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অধ্যক্ষ সিরাজুল ইসলাম, সহ-সভাপতি জামাল উদ্দিন, ফারুক আহমদ চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ আহমদ, শ্রী রিংকু চক্রবর্তী, সাংগঠনিক সম্পাদক আব্দুল হেকিম শামীম, গিয়াস উদ্দিন, শাহাব উদ্দিন, প্রচার সম্পাদক কাউন্সিলর বিলাল আহমদ, মাষ্টার মামুন রশিদ, আব্দুল লতিফ।
এছাড়াও কার্যনির্বাহী কমিটির মধ্যে উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান আলী হোসেন কাজল, ফারুক আহমদ, নজির উদ্দিন প্রধান, মীর আব্দুল্লা প্রমূখ।
সভায় সর্বসম্মতিক্রর্মে বেশ কয়েকটি সিদ্ধান্ত গৃহিত হয়। বিশেষ করে ইউনিয়ন আওয়ামীলীগের কমিটিগুলোর মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারনে পৌরসভা সহ প্রতিটি ইউনিয়নে বর্ধিত সভার তারিখ ঘোষণা করা হয়েছে। এতে আগামী ১২ মার্চ লক্ষীপ্রসাদ পূর্ব, ১৩ মার্চ লক্ষীপ্রসাদ পশ্চিম, ১৪ মার্চ সাতবাঁক, ১৫ মার্চ বড়চতুল, ১৬ মার্চ কানাইঘাট সদর, ১৭ মার্চ বাণীগ্রাম, ১৮ মার্চ ঝিঙ্গাবাড়ি, ১৯ মার্চ রাজাগঞ্জ ও ২০ মার্চ কানাইঘাট পৌর আওয়ামীলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হবে।
এছাড়াও ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে উপজেলা আওয়ামীলীগের উদ্যেগে সকাল ৯টায় বঙ্গবন্ধুর ম্যুরালে ও ৯.১৫ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্থাপক অর্পণ, দিনব্যাপী ৭মার্চের ভাষণ সম্প্রচার ও

সকাল ১১ টায় দলীয় কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।